অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পথচারী ও বাইসাইকেল চালকদের নিরাপত্তা সম্প্রসারণ করার জন্য বিধিমালায় স্বাক্ষর করলেন

বিধিমালা S.1078B/A.5084A পথচারী ও বাইসাইকেল চালকদের নিরাপত্তার নির্দেশনাকে চালকদের প্রাক-লাইসেন্স কোর্সের অংশ হিসেবে আবশ্যক করে

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালা S.1078B/A.5084A স্বাক্ষর করেছেন, যেখানে নতুন চালকদের প্রাক-লাইসেন্স পরীক্ষার একটি অংশ হিসেবে পথচারী ও বাইসাইকেল চালকদের নিরাপত্তা সচেতনতা সম্পর্কে জানা আবশ্যক এবং এটিকে একটি মোটরযান চালানোর লাইসেন্স পাওয়ার একটি আবশ্যিক পূর্বশর্ত করে।

"গভর্নর হিসেবে আমার শীর্ষ অগ্রাধিকার হলো নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা, এবং চালকদের জন্য পথচারী ও বাইসাইকেল চালকদের নিরাপত্তা শিক্ষা আবশ্যিক করা সাধারণ বিবেচনার বিষয়," **গভর্নর হোকল বলেন।** "এই আইনটি সংঘর্ষ এড়াতে এবং জীবন বাঁচাতে সাহায্য করবে, এবং আমি অ্যাসেম্বলি এবং সিনেটে আমার অংশীদারদের ধন্যবাদ জানাচ্ছি এই বিধিমালাটি পাশ করে আমাদের সড়ক আরো নিরাপদ বানানোর জন্য।"

"যমজ ছেলেদের বাবা হিসেবে, নতুন আইনটি যেখানে নতুন চালকদের ড্রাইভার্স লাইসেন্স পাওয়ার পূর্বে পথচারী ও বাইসাইকেল চালকদের নিরাপত্তার ব্যাপারে জানতে হবে, আমার দুশ্চিন্তা দূর করে," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "এই নতুন আইনটি পথচারী এবং বাইসাইকেল চালকদের জন্য নিরাপত্তা উন্নত করবে এবং আঘাত ও মৃত্যু হ্রাস করবে।"

বিধিমালা S.1078B/A.5084A প্রাক-লাইসেন্স কোর্সে পাঠ্যসূচি যোগ করে যেখানে থাকবে পথচারী ও বাইসাইকেল চালকদের ব্যাপারে যত্নবান হওয়ার ক্ষেত্রে মোটরযান চালকদের দায়িত্ব নিয়ন্ত্রক ট্র্যাফিক আইনসমূহের একটি সারসংক্ষেপ। এছাড়াও বিধিমালাটি মোটরযান ডিপার্টমেন্টের (Department of Motor Vehicles, DMV) নির্দেশনা হ্যান্ডবুকে পথচারী ও বাইসাইকেল চালকদের নিরাপত্তা যোগ করা আবশ্যক করে।

এই বিধিমালাটি স্বাক্ষর করা হলো ট্র্যাফিক নিরাপত্তা বৃদ্ধি করতে গভর্নর হোকলের সর্বশেষ পদক্ষেপ। জুন মাসে, গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটির স্কুল জোনের স্পিড ক্যামেরাসমূহ দিনে

24 ঘণ্টা, সপ্তাহে সাতদিন ব্যবহার করার পুনরায় অনুমোদন দিয়ে এবং এটিকে সম্প্রসারণ করে বিধিমালায় স্বাক্ষর করেন। গত অক্টোবরে, গভর্নর হোকল একটি স্কুল বাস মোটরচালক শিক্ষা তহবিল প্রতিষ্ঠা করে বিধিমালায় স্বাক্ষর করেন, যা স্কুলের শিশুদের সুরক্ষার কাজে ব্যবহার করা হবে। গত গ্রীষ্মে, গভর্নর হোকল নাসাউ ও সাফোক কাউন্টির 11.3 মিলিয়ন মার্কিন ডলারের পথচারী নিরাপত্তা প্রকল্পসমূহের কাজ শেষ হওয়ার ঘোষণা দিয়েছেন।

স্টেট সিনেটর অ্যান্ড্রু গাউনার্ডস বলেন, "পথচারীদের এবং বাইসাইকেল চালকদের সাথে কীভাবে রাস্তা ভাগ করে নিতে হয় চালকদের তা জানানো নিশ্চিত করা আমাদের সড়কগুলিকে যতটা সম্ভব নিরাপদ রাখার জন্য অতি গুরুত্বপূর্ণ। আমি অত্যন্ত খুশি যে নিরাপদে রাস্তা ভাগ করে নেওয়ার ব্যাপারে চালকদের শিক্ষাকে আবশ্যিক করার আমার বিলটি গভর্নর কর্তৃক স্বাক্ষরিত হয়েছে এবং আমি চিরতরে ট্র্যাফিক সহিংসতা শেষ করতে আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখতে উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য এমিলি গ্যালাগার বলেন, "নিরাপদ সড়ক তৈরির জন্য শিক্ষা একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান, কিন্তু অনেক বেশি সময় ধরে নিউ ইয়র্কের গাড়ি চালকেরা পথচারী ও সাইকেল চালকদের প্রাণঘাতী সংঘর্ষ থেকে বাঁচানোর মৌলিক দক্ষতা ছাড়াই পথে নামতে পেরেছে। আজকে গভর্নর হোকলের স্বাক্ষর করার ফলে, প্রাক-লাইসেন্স পাঠ্যসূচি সম্প্রসারণ করার আমাদের বিধিমালাটি এখন একটি আইন। রাস্তা ব্যবহারকারী সকলে সুরক্ষিত থাকার আগ পর্যন্ত এই গুরুত্বপূর্ণ কাজ চালিয়ে যেতে হবে।"

নিউ ইয়র্ক বাইসাইকেলিং কোয়ালিশনের (New York Bicycling Coalition) নির্বাহী পরিচালক কিথ পিকেট বলেন, "নিউ ইয়র্ক বাইসাইকেলিং কোয়ালিশন এই সাধারণ বুদ্ধির বিলটি স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছে, যা দ্বারা নতুন চালকদের শিক্ষা দেওয়া যাবে এবং ফলশ্রুতিতে আমাদের রাস্তা ও সড়ক ব্যবহারকারী সবথেকে দুর্বল গোষ্ঠীর জন্য সেই রাস্তা ও সড়ক আর নিরাপদ করা যাবে। স্টেটের সকল কোণায় আমাদের সদস্যরা গভর্নর এবং আইনসভাকে এই গুরুত্বপূর্ণ অগ্রগামী পদক্ষেপ নেওয়ার জন্য ধন্যবাদ জানাচ্ছে।"

বাইক নিউ ইয়র্কের (Bike New York) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা কেন পডজিবা বলেন, "আমরা অতি আনন্দিত যে গভর্নর হোকল DMV-র পাঠ্যসূচিতে বাইসাইকেল চালক ও পথচারীদের নিরাপত্তা যোগ করা আবশ্যক করছেন। বাইক নিউ ইয়র্ক সহজ সমাধানের জন্য অনেক বছর ধরে লড়াই করছে কারণ পথচারী ও বাইসাইকেল চালকেরা রাস্তার সবথেকে দুর্বল ব্যবহারকারী এবং এই শিক্ষা জীবন বাঁচাতে সাহায্য করবে।আমরা মোটরযান দ্বারা বাইসাইকেল চালক ও পথচারীদের মৃত্যুর অগ্রহণযোগ্য বৃদ্ধি নিয়ে গভীরভাবে উদ্বিগ্ন এবং আমরা গভর্নরকে ট্র্যাফিক সহিংসতার বিরুদ্ধে এই অতি গুরুত্বপূর্ণ লড়াইয়ে তার নেতৃত্বের জন্য ধন্যবাদ দিয়ে শেষ করতে পারবো না।"

গোবাইক বাফেলোর (GObike Buffalo) নির্বাহী পরিচালক জাস্টিন বুথ বলেন, "উভয় হাউজে বিলটি পাশ হওয়া এবং আইন হিসেবে এটি স্বাক্ষরিত হওয়া আমাদের সম্প্রদায়সমূহে নিরাপত্তা বৃদ্ধির দিকে একটি মুখ্য পরিবর্তনের সূচনা।" আমাদের স্টেটের একদম নতুন ও সবথেকে কম অভিজ্ঞ চালকেরা এখন সাইকেল চালকদের সাথে বৈধভাবে এবং নিরাপদে রাস্তা

ভাগ করে নেওয়ার ব্যাপারে এবং তাদের ও পথচারীদের জায়গা দেওয়ার ব্যাপারে স্পষ্ট নির্দেশনা পাবে, এবং তাদেরকে লাইসেন্স পাওয়ার জন্য প্রমাণ করতে হবে যে তারা এটি বুঝতে পেরেছে। নিরাপদ সড়ক হলো আমাদের সংগঠন ও কোয়ালিশনের লক্ষ্য, এবং এই আইনটি আমাদেরকে সেই লক্ষ্যের কাছে নিয়ে যাবে।"

ট্রান্সপোর্টেশন অল্টারনেটিভের (Transportation Alternative) নির্বাহী পরিচালক ড্যানি হ্যারিস বলেন, "কীভাবে পথচারী ও যারা বাইসাইকেল চালায় তাদের পাশাপাশি নিরাপদে গাড়ি চালাতে হয় তা সকল নতুন চালকের জন্য জানা অত্যাবশ্যকীয়। আমরা গভর্নর হোকল, সিনেটর গাউনার্ডস, এবং অ্যাসেম্বলি সদস্য গ্যালাগারকে এই প্রাক-লাইসেন্স কোর্সকে সকল নতুন চালকদের জন্য একটি আবশ্যিকতা বানানোর জন্য ধন্যবাদ জানাচ্ছি। এই বছর আইনসভায় পাশ হওয়া অতিরিক্ত সংঘর্ষের শিকার ব্যক্তিদের অধিকার ও নিরাপত্তা অ্যাক্ট (Crash Victim Rights and Safety Act, CVRSA) ব্যবস্থার পাশাপাশি এই ব্যবস্থাটি নিউ ইয়র্কজুড়ে সড়কগুলিকে আর নিরাপদ করবে।"

নিউ ইয়র্ক স্টেট সেফ স্ট্রিটস কোয়ালিশনের অংশ (NYS Safe Streets Coalition), ফ্যামিলিজ ফর সেফ স্ট্রিটসের (Families for Safe Streets) সহপ্রতিষ্ঠাতা এমি কোহেন বলেন, "আমাদের সড়ক শুধু গাড়ির জন্য নয়। পথচারীদের এবং বাইসাইকেল চালকদের নিরাপত্তার ব্যাপারে নির্দেশনাকে ড্রাইভার্স লাইসেন্স পাওয়ার একটি আবশ্যকতা করে, নিউ ইয়র্ক স্টেট নিশ্চিত করছে যে সকল নতুন চালক যাতে জানে কীভাবে অন্যদের সাথে রাস্তা ভাগ করে নিতে হয়। যখন পুরো স্টেটে ট্র্যাফিক সহিংসতা বৃদ্ধি পাচ্ছে, তখন সংঘর্ষের শিকার ব্যক্তিদের অধিকার ও নিরাপত্তা অ্যাক্টটি অন্য যেকোনো সময়ের থেকে বেশি প্রয়োজন। ড্রাইভার্স লাইসেন্স পাওয়ার এই নতুন আবশ্যিকতা এবং আইনসভায় পাশ হওয়া CVRSA ব্যবস্থা প্রাণঘাতী সংঘর্ষ প্রতিরোধ করবে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন